# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 30 April, 2025

বন্যায় ক্ষতিগ্রস্তদের জন্য ঘর নির্মাণে বরাদ্দ করা অর্থের অর্ধেক ব্যয় হওয়ায় বাংলাদেশ সেনাবাহিনীর প্রশংসা করেছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস।

বুধবার (৩০ এপ্রিল) সকালে প্রধান উপদেষ্টার তেজগাঁওয়ের কার্যালয়ে ভার্চুয়ালি অনুষ্ঠানের মাধ্যমে বন্যায় ক্ষতিগ্রস্তদের হাতে ঘরের চাবি তুলে দেয়া অনুষ্ঠানে এ প্রশংসা করেন তিনি।

এদিন চট্টগ্রাম, ফেনী, নোয়াখালী ও কুমিল্লার বন্যাকবলিত পরিবারের মাঝে পুনর্বাসনকৃত ঘরের চাবি হস্তান্তর করা হয়।

প্রধান উপদেষ্টা বলেন, 'বন্যা বেড়ে যাচ্ছিল।সবাই ত্রাণ নিয়ে দৌড়াদৌড়ি, সাহায্যের জন্য সারা দেশ ঝাঁপিয়ে পড়েছিল।এটা যে কত বড় বন্যা ছিল, তা বুঝতে পেরেছি বন্যা চলে যাওয়ার অনেক পরে।বন্যায় যারা বাড়িঘর হারিয়েছিল, তাদের কোথাও যাওয়ার জায়গা ছিল না।'

তিনি বলেন, 'নানাভাবে প্রস্তাব আসছিল, বাড়ির জন্য টাকা দিতে হবে।টাকা দেয়ার ব্যাপারে আমি একটু শক্ত অবস্থান নিয়েছিলাম।টাকা দিতে গেলে এই টাকার ভাগ-বাঁটোয়ারা অনেক রকম হয়ে যাবে। যারা প্রাপ্য, তাদের হাতে পৌঁছাবে না। তখন প্রস্তাব এসেছিল আশ্রয়ণ প্রকল্পের মাধ্যমে করার।সেই প্রকল্পের বিষয়ে জানা ছিল না, তবে নামটা জানা ছিল।তখন ভাবলাম যে এটা কী করা যায়। পরে জানলাম, এটা সেনাবাহিনী করবে। তখন স্বস্তি পেলাম—আসলে টাকাটা সঠিকভাবে ব্যবহার হবে।'

ড. ইউনূস বলেন, ‘ভালো লাগছে যে, টাকাটার সঠিক ব্যবহার হয়েছে। ঘরটাও সঠিকভাবে নির্মাণ হয়েছে। অনেক সময় টাকা ব্যবহার করা হলেও গুণগতমান ঠিক হয় না। আজকে গুণগতমানের ব্যাপারেও আশ্বস্ত হলাম। আমরা যে টাকা দিয়েছিলাম, তার অর্ধেক টাকাতে কাজটা হয়েছে।উল্টো খবর।সাধারণত যে টাকা দেয়া হয়, তার দ্বিগুণ চাওয়া হয়।এখানে যা দেয়া আছে, তার অর্ধেক ব্যবহার হয়েছে।একটা আনন্দের খবর।

বাংলাদেশ সেনাবাহিনী প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 19:15

URL: https://timestodaybd.com/national/7758071646